

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে তথ্য অধিকার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

- A Monitor Desk Report

Date: 24 June, 2025



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রধান কার্যালয় বলাকায় রবিবার (২২ জুন) তথ্য অধিকারবিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও ড. মো. সাফিকুর রহমান।

কর্মশালায় বিমানের কর্মকর্তা-কর্মচারীদের জন্য তথ্য অধিকার আইন, এ আইন প্রণয়নের পটভূমি, আইনের গুরুত্বপূর্ণ বিষয়বস্তু, সংশ্লিষ্ট বিধি ও প্রবিধি এবং এসবের বাস্তবায়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ সময় নবনিযুক্ত কর্মকর্তাদের পাশাপাশি বিমানের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কর্মশালায় প্রশিক্ষণ দেন বিমানের প্রধান তথ্য প্রদানকারী কর্মকর্তা মহাব্যবস্থাপক (জনসংযোগ) এ বি এম রওশন কবীর এবং উপমহাব্যবস্থাপক লিগ্যাল অ্যাফেয়ার্স মো. আল মাসুদ খান।

-B